

🗏 আদ-দুখান | Ad-Dukhan | ٱلدُّخَان

আয়াতঃ ৪৪: ২৪

া আরবি মূল আয়াত:

وَ اترُكِ البَحرَ رَهوًا ١٤ إِنَّهُم جُندٌ مُّغرَقُونَ ﴿٢٢﴾

আর সমুদ্রকে রেখে দাও শান্ত, নিশ্চয় তারা হবে এক ডুবন্ত বাহিনী'। — আল-বায়ান

(মূসা বানী ইসরাঈলকে নিয়ে সমুদ্র পার হয়ে গিয়ে সমুদ্রকে আবার প্রবহমান করার জন্য স্বীয় লাঠি নিক্ষেপ করলে আল্লাহ বললেন) সমুদ্রকে স্থির থাকতে দাও, তারা (অর্থাৎ ফেরাউনী দল) এমন এক বাহিনী যারা নিমজ্জিত হবে। — তাইসিক্রল

সমুদ্রকে স্থির থাকতে দাও, তারা এমন এক বাহিনী যারা নিমজ্জিত হবে। — মুজিবুর রহমান

And leave the sea in stillness. Indeed, they are an army to be drowned." - Sahih International

২৪. আর সমুদ্রকে স্থির থাকতে দিন(১), নিশ্চয় তারা হবে এক ডুবন্ত বাহিনী।

(১) মূসা আলাইহিস সালাম সঙ্গীগণসহ সমুদ্র পার হওয়ার পর স্বাভাবিকভাবে কামনা করবেন যে, সমুদ্র পুনরায় আসল অবস্থায় ফিরে যাক, যাতে ফিরআউনের বাহিনী পার হতে না পারে। তাই আল্লাহ তা'আলা তাকে বলে দিলেন, তোমরা পার হওয়ার পর সমুদ্রকে শান্ত ও আচল অবস্থায় থাকতে দাও এবং পুনরায় পানি চলমান হওয়ার চিন্তু করো না- যাতে ফিরআউন শুষ্ক ও তৈরী পথ দেখে সমুদ্রের মধ্যস্থলে প্রবেশ করে। তখন আমি সমুদ্রকে চলমান করে দেব এবং তারা নিমজ্জিত হবে। [দেখুন: তাবারী]

তাফসীরে জাকারিয়া

(২৪) সমুদ্রকে শান্ত থাকতে দাও,[1] ওরা এমন এক বাহিনী যা ডুবে মরবে।

[1] وَهُوًا এর অর্থ স্থির, শান্ত অথবা শুষ্ক। অর্থাৎ, তোমার লাঠি মারলে সমুদ্র অলৌকিকভাবে স্থির বা শুকনো হয়ে যাবে এবং তাতে পথের সৃষ্টি হবে। অতঃপর তোমরা সমুদ্র পার হয়ে যাওয়ার পর তাকে ঐ অবস্থাতেই ছেড়ে দেবে, যাতে ফিরআউন ও তার সৈন্যরা সমুদ্র পার হওয়ার জন্য তাতে প্রবেশ করে এবং আমি তাদেরকে ওখানেই ডুবিয়ে দিই। আর হলও তাই; যার বিস্তারিত আলোচনা পূর্বে উল্লিখিত হয়েছে। (সূরা ক্বাস্থাস ৪০নং আয়াত দ্রঃ)

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4438

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন